

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫৫৭.০২.০০২.১৯. ২০১৬

তারিখঃ ১৫ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ।
০২ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ।

“নিয়োগ বিজ্ঞপ্তি”

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো- ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকাসহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি।	১) বয়স সীমাঃ প্রার্থীর বয়সসীমা ৫২ (বায়ান্ন) বছর (০৫/০২/২০১৯খ্রিঃ তারিখে) সর্বোচ্চ ০৩ চুক্তি (৩+৩+৩) ০৯ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরি করতে পারবেন। ২) অভিজ্ঞতাঃ আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর /০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ৩) অন্যান্য যোগ্যতাঃ ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্ম মূল্যায়ন করা হবে। ঘ) কর্মমূল্যায়ন সন্তোষজনক হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৩ চুক্তি (৩+৩+৩) ০৯ (নয়) বছর কর্মকাল বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

শর্তাবলীঃ

০১) **আবেদন পত্র পূরণ ও জমাদান :** পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.pabnapbs2.org.bd) অথবা (www.pbs.pabna.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১) A-4 সাইজে কাগজ ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ০৫/০২/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশীনাথপুর, পাবনা বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

২) **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে :**

- ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি।
- শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।
- জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।
- স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
- ছবি সহ সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে (নাম ও পদবী সন্মিলিত সীল দ্বারা) হবে।
- প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত “অভিজ্ঞতা সনদ” যা এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

